



বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় গোপালগঞ্জ এর বিভিন্ন বিভাগে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, অগ্রণী ব্যাংক লিঃ বশেমুরবিপ্রবি শাখা “প্রযুক্তি বিকাশে অগ্রণী” নামে ঋণ প্রদান করতে যাচ্ছে। উক্ত ঋণ গ্রহণ করতে ইচ্ছুক শিক্ষার্থীবৃন্দকে নিম্নোক্ত শর্তে আবেদন ফরম পূরণ করে আগামী ২৫/০৫/২০২১ ইং তারিখের মধ্যে স্ব স্ব বিভাগের চেয়ারম্যান/সভাপতির নিকট জমা প্রদানের জন্য বলা হলো।

শর্তাবলী নিম্নরূপ :

- (১) ২য় বর্ষ থেকে মাস্টার্স শ্রেণীর শিক্ষার্থীবৃন্দ এই ঋণ সুবিধা পাবে।
- (২) একজন শিক্ষার্থী সর্বোচ্চ ৬০,০০০/- (ষাট হাজার টাকা মাত্র) ঋণ পাবে।
- (৩) প্রত্যেক বিভাগ থেকে সর্বোচ্চ ১০ জন শিক্ষার্থী এই ঋণ পাবে।
- (৪) ঋণ পরিশোধের সময়কাল-
 - ক) ২য় বর্ষের শিক্ষার্থীদের জন্য ৪ বছর
 - খ) ৩য় বর্ষের শিক্ষার্থীদের জন্য ৩ বছর
 - গ) ৪র্থ বর্ষের শিক্ষার্থীদের জন্য ২ বছর
 - ঘ) মাস্টার্স শিক্ষার্থীদের জন্য ২ বছর
- (৫) সুদের হার ৭% (শর্ত প্রযোজ্য)
- (৬) ঋণের সমুদয় অর্থ পরিশোধ না করা পর্যন্ত সংশ্লিষ্ট শিক্ষার্থীর নামে কোন ট্রান্সক্রিপ্ট ও সাময়িক/মূল সনদ ইস্যু করা যাবে না।
- (৭) অগ্রণী ব্যাংক বশেমুরবিপ্রবি শাখা থেকে ঋণের আবেদন ফরম সংগ্রহ করা যাবে তাছাড়া বিশ্ববিদ্যালয়ের Website (www.bsmrstu.edu.bd) ও বিভাগীয় অফিসেও পাওয়া যাবে। ফরমটি যথাযথ ভাবে পূরণ করে সরাসরি বিভাগের অফিসে বা বিভাগীয় চেয়ারম্যানের এর e-mail এ জমা দিতে হবে। বিলম্বিত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- (৮) বিভাগীয় চেয়ারম্যান/সভাপতি প্রত্যেক বিভাগ হতে বাছাই পূর্বক অনাধিক ১০(দশ) জন শিক্ষার্থীর একটি তালিকা ৩১/০৫/২০২১ ইং তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর (সদস্য সচিব) অফিসে জমা দেয়ার ব্যবস্থা গ্রহণ করবেন।

Handwritten signature

(এস এম গোলাম হায়দার)

পরীক্ষা নিয়ন্ত্রক

ও

সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি

বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সকল ডিন ও সভাপতিবৃন্দ, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ২। রেজিস্ট্রার, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৩। উপ-পরিচালক জনসংযোগ, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৪। ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, বশেমুরবিপ্রবি শাখা, গোপালগঞ্জ।
- ৫। পিএস টু ভাইস-চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়কে সদয় অবহিত করনের অনুরোধসহ)।
- ৬। অফিস নথি।

সংযুক্তিঃ

- ১। আবেদন ফরম ০১(এক) সেট।

Handwritten signature